

আলোকবর্তিকা

ইশরাত জাহান

একটি ছেলের স্বপ্ন দোলে,
অনেক বড় হবে,
পরাদীন এক দেশের স্বপ্ন,
স্বাধীন হবে কবে!

জীবনকে রেখে বাজী;
অস্ত্র তুলে নিতে রাজী!
দেশ থেকে তাড়াবে
যত ধোঁকাবাজ আর সন্ত্রাসী!

বাঁচবে সবাই ফুলিয়ে বুক
প্রাণ খুলে হাসবে প্রতিটি মুখ!
জীবনটা হবে নীল আর লাল
ছিঁড়বে সব মিত্যে প্রতারণার জাল।

কলিগুলো নির্ভয়ে হবে ফুল!
হারাবে না আর বোনের কানের দুল,
পাখিরাও গাইবে সমধুর কণ্ঠে
প্রজাপতিও উড়বে নেচে!

নিজ সীমা হবে নিজের,
জীবনটা হবে মিস্তি মধুর,
সবার খুশির কলতানে,
মেধাগুলো থাকবে দেশে!

উন্নতি করবে দেশের তরে,
হবে না লুট কোন ঘরে,
সকল সম্পদ থাকবে নিজের তরে
দুটো স্বপ্নই আজ মুখোমুখি দাঁড়িয়ে!

একটা বুলেট দুজনের স্বপ্নকেই করল পূরণ,
স্বপ্নগুলো ছুঁয়ে দিল দেশ মাতার চরণ!
রক্তে ভিজে একাকার একটি লাল সবুজ পতাকা,
দেশের তরে প্রাণ দিল সে, হলো আলোকবর্তিকা!

আমাদের কী তাদের আছে মনে?
লালন কী করছি বুকের গহীনে!
যাঁদের জন্য আজ আমাদের এই অর্জন
তাদের এই বিসর্জন করো একটু স্মরণ!